দৈনিক খবর

তারিখ 28 DEC 1991
পৃষ্ঠা ... কলাম ...

৯০

# অর্থনীতিবিদদের প্রতি শিক্ষামন্ত্রীর আহবান

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার সীমিত সম্পদের সর্বোচ্চ সদ্ব্যবহারের মাধ্যমে জাতীয় উন্নয়নে অর্থনীতিবিদদের ভূমিকার উপর গুরুত্ব আরোপকরেছেন।

তিনি বলেন, সরকারের খাল-খনন কর্মসূচী বাস্তবায়নে অর্থনীতিবিদগণের পরামর্শ ও অভিজ্ঞতা কাজে লাগবে।

শিক্ষামন্ত্রী বৃহস্পতিবার ঢাকায় বাংলাদেশ অর্থনীতি শিক্ষক সমিতির প্রথম জাতীয় সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। সমিতির সভাপতি অধ্যাপক এটিএম জহুরুল হকের সভাপতিত্বে এ সম্মেলনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর শামসুল হক বিশেষ অতিথির ভাষণ দেন। তথ্যবিবরণী।

শিক্ষামন্ত্রী বলেন, কৃষিকাজে জল সেচের পানি সরবরাহ এবং কর্মহীন জনশক্তির ব্যবহারই খাল খনন কর্মসূচীর অর্থনৈতিক লক্ষ্য। তিনি বলেন, দেশ আজ বহুমুখী সমস্যার সম্মুখীন এবং পরিকল্পিত উপায়ে এসব সমস্যার সমাধান সম্ভব।

# শামসুর রহমানের মৃত্যুতে শিক্ষা মন্ত্রীর শোক

শিক্ষা মন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার বিএনপি-এর উপদেষ্টা পরিষদের সদস্য ও তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদ সদস্য এডভোকেট শামসুর রহমনের মৃত্যুতে গভীর শোক প্রকাশকরেছেন।

এক শোকবাণীতে শিক্ষা মন্ত্রী গণতান্ত্রিক আন্দোলনে এডভোকেট শামসুর রহমনের অবদানের কথা স্মরণ করেন।

23